

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.৩৩.০০৭.১৫.১৪৪৫(৬৪)

তারিখ: ১১ আশ্বিন, ১৪২৫।
২৬ সেপ্টেম্বর, ২০১৮।

বিষয়: প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৮ এর ফি আদায় এবং সরকারী কোষাগারে জমাদান।

- সূত্র: (১) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৮.০০.০০০০.০০৮.৩৫.০২১.১৭.৬৪৮ তারিখ: ৩০ জুলাই ২০১৮।
(২) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৮.০১.০০০০.১০৭.৩৩.০০৭.১৫. ১২৮৫ তারিখ: ১৩ আগস্ট ২০১৮।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত ১নং স্মারকে উল্লিখিত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৮ এবং ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৮ এর পরীক্ষার ফি ছাত্রছাত্রী প্রতি ৬০.০০ (ষাট) টাকা নির্ধারণ করা হয়েছে। নির্ধারিত হারে ফি এর অর্থ আদায় এবং সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য ইতোপূর্বে সূত্রোক্ত ২নং স্মারকে পত্র প্রেরণ করা হয়।

২। অর্থ মন্ত্রণালয় হতে ২০১৮-১৯ অর্থবছরে দেশের সকল আর্থিক কোড পরিবর্তন করে নতুন ডিজিটাল কোড চালু করা হয়েছে। প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার ফিসহ সকল প্রকার পরীক্ষার ফি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতায় পুরাতন কোড-২০৩১ এর পরিবর্তে ১৪২২৩২৬ নির্ধারণ করা হয়েছে।

৩। উপজেলা/থানা শিক্ষা অফিসারগণ নির্ধারিত হারে প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার ফি আদায় করে ফি এর সমুদয় অর্থ পূর্ব নির্ধারিত কোড নং ১-২৪৩১-০০০০-২০৩১ এর পরিবর্তে সংশোধিত কোড নং ১৪২২৩২৬ পরীক্ষা ফি খাতে ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করবেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণকে তাঁর জেলার আওতাধীন সকল উপজেলা/থানার আদায়কৃত অর্থ জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে এবং জমাকৃত অর্থের ট্রেজারী চালানোর ছয়ালিপিসহ নিম্নোক্ত ছক পূরণ করতঃ তথ্য ddestabdpe@gmail.com মেইলে আগামী ৩ অক্টোবর ২০১৮ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

‘ছক’

জেলার নামঃ

ক্রমিক	উপজেলা/থানা	পরীক্ষার নাম	ডিআরভুক্ত পরীক্ষার্থীর সংখ্যা	ট্রেজারী চালানে জমাকৃত টাকার পরিমাণ	ট্রেজারী চালান নম্বর ও তারিখ
		প্রাশিসপ			
		ইশিসপ			

মোঃ আতাউর রহমান

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

ফোনঃ ০২-৫৫০৭৪৯১৭

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

..... জেলা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক (সকল), জেলা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২০৬ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা:, জেলা:
- ৭। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), উপজেলা/থানা, জেলা:
- ৮। মহাপরিচালক এর একান্ত সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৯। অফিস কপি।